# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩১৪

১/ বিবিধ

আরবী

إن داود النبي عليه السلام حين نظر إلى المرأة فهم بها قطع على بني إسرائيل بعثا وأوحى إلى صاحب البعث فقال: إذا حضر العدوفقرب فلانا، وسماه، قال: فقربه بين يدي التابوت، قال: وكان ذلك التابوت في ذلك الزمان يستنصر به، فمن قدم بين يدي التابوت لم يرجع حتى يقتل أو ينهزم عنه الجيش الذي يقاتله، فقتل زوج المرأة، ونزل الملكان على داود فقصا عليه القصة
باطل

رواه الحكيم الترمذي في " نوادر الأصول " عن يزيد الرقاشي عن أنس مرفوعا، كما في " تفسير القرطبي " (15 / 167) ، وقال ابن كثير في تفسيره (4 / 31) : رواه ابن أبي حاتم، ولا يصح سنده لأنه من رواية يزيد الرقاشي عن أنس، ويزيد وإن كان من الصالحين لكنه ضعيف الحديث عند الأئمة
قلت: والظاهر أنه من الإسرائيليات التي نقلها أهل الكتاب الذين لا يعتقدون العصمة في الأنبياء، أخطأ يزيد الرقاشي فرفعه إلى النبي صلى الله عليه وسلم، وقد نقل القرطبي (15 / 176) عن ابن العربي المالكي أنه قال: وأما قولهم: إنها لما أعجبته أمر بتقديم زوجها للقتل في سبيل الله، فهذا باطل قطعا، فإن داود صلى الله عليه وسلم لم يكن ليريق دمه في غرض نفسه.
تنبيه: تبين لنا من رواية ابن أبي حاتم في تفسيره لمثل هذا الحديث الباطل أن ما ذكره في أول كتابه " التفسير ": " أنه تحرى إخراجه بأصح الأخبار إسنادا وأثبتها متنا

" كما ذكره ابن تيمية ليس على عمومه فليعلم هذا

বাংলা

৩১৪। দাঊদ (আঃ) যখন এক মহিলার দিকে দৃষ্টি দিলেন এবং তাঁকে কামনা করলেন, তখন বানু ইসরাইলের নিকট একদল সৈন্য প্রেরণ করলেন এবং সৈন্য দলের প্রধানের নিকট নির্দেশ দিয়ে বললেনঃ যখন শত্রুরা উপস্থিত হবে; তখন তুমি উমুক ব্যাক্তিকে নিকটবর্তী করে দাও। তিনি তার নামও উল্লেখ করে বললেনঃ তাঁকে তাবূতের সম্মুখে উপস্থিত করে দাও। তিনি বললেনঃ তাবূত ছিল সেই যুগে এমন এক ব্যাক্তি যার মাধ্যমে সাহায্য নেয়া হতো। যাকেই তাবূতের সম্মুখে উপস্থিত করা হত, সেই নিহত অথবা তার সম্মুখে যে সৈন্য বাহিনী যুদ্ধ করত তাঁরা পরাজিত হওয়া ছাড়া ফিরে আসত না। মহিলার স্বামী নিহত হল। দু’ ফেরেশতা দাঊদ (আঃ) এর নিকট অবতরণ করলেন, অতঃপর তাঁরা তাঁকে ঘটনাটি শোনালেন।

হাদীসটি বাতিল।

এটি হাকীম আত-তিরমিযী "নাওয়াদিরুল উসূল" গ্রন্থে ইয়াযীদ আর-রুকাশী হতে বর্ণনা করেছেন, যেমনভাবে “তাফসীরু কুরতুবী” গ্রন্থে (১৫/১৬৭) বর্ণিত হয়েছে। ইবনু কাসীর তার “আত-তাফসীর” গ্রন্থে (৪/৩১) বলেনঃ হাদীসটি ইবনু আবী হাতিম বর্ণনা করেছেন। এটির সনদ সহীহ নয়, কারণ এটি ইয়াযীদ আর-রুকাশীর বর্ণনায় এসেছে। ইয়াযীদ যদিও সালেহীনদের অন্তর্ভুক্ত, তবুও তিনি ইমামগণের নিকট হাদীসের ক্ষেত্রে দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ বাহ্যিকতা প্রমাণ করছে যে, এটি ইসরাইলী বর্ণনা হতে এসেছে। সেই আহলে কিতাবরা বর্ণনা করেছে যারা নাৰীগণ নিষ্পাপ এ বিশ্বাসে বিশ্বাসী নয়। ইয়াযীদ এখানে ভুল করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত মারফূ’ হিসাবে উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5573

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন